


বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য গ্রেপ্তার

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৭ মে ২০২৬, ০০:২৪



জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম শহীদ রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ হত্যায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাজাপ্রাপ্ত আসামি ও বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মো. হাসিবুর রশীদকে গ্রেপ্তার করেছে পুলিশ।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

শনিবার (১৬ মে) রাত আটটার দিকে রাজধানীর মোহাম্মদপুরের সলিমুল্লাহ রোডের একটি বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মোহাম্মদপুর অঞ্চলের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) জুয়েল রানা এই গ্রেপ্তারের তথ্য নিশ্চিত করেছেন।

এডিসি জুয়েল রানা জানান, অধ্যাপক হাসিবুর রশীদ আবু সাঈদ হত্যা মামলায় ১০ বছরের সশ্রম কারাদণ্ডপ্রাপ্ত আসামি। ২০২৪ সালের জুলাই অভ্যুত্থানের পর থেকেই তিনি আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে ছদ্মবেশে পলাতক ছিলেন। শনিবার রাতে মোহাম্মদপুরের সলিমুল্লাহ রোড এলাকায় স্থানীয় ছাত্রদলের নেতা-কর্মীরা তার উপস্থিতি টের পান এবং তাকে চিনতে পেরে তাৎক্ষণিকভাবে আটক করে আটকে রাখেন। পরবর্তীতে খবর দেওয়া হলে মোহাম্মদপুর থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তাকে উদ্ধার করে থানায় নিয়ে আসে।

অধ্যাপক মো. হাসিবুর রশীদ মূলত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগের একজন জ্যেষ্ঠ শিক্ষক ছিলেন। ২০২১ সালের জুন মাসে তাকে চার বছরের চুক্তিতে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছিল এবং জুলাই গণ-অভ্যুত্থানের সময় তিনি এই পদের দায়িত্বে ছিলেন। তার মেয়াদের শেষ সময়ে সংঘটিত আবু সাঈদ হত্যাকাণ্ডের ঘটনায় তিনি অন্যতম প্রধান আসামি হিসেবে অভিযুক্ত হন।

এই মামলার দীর্ঘ আইনি প্রক্রিয়া শেষে চলতি বছরের ৯ এপ্রিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ ঐতিহাসিক রায় ঘোষণা করেন। রায়ে মামলার মোট ৩০ জন আসামির মধ্যে ২৫ জনকে অপরাধের ভিন্ন ভিন্ন গুরুত্ব অনুযায়ী বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়, যার মধ্যে সাবেক উপাচার্য হাসিবুর রশীদকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। এর আগে গত বছরের ৩০ জুন তার বিরুদ্ধে ট্রাইব্যুনাল থেকে স্থায়ী গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছিল।